**২১ মে জাতীয় চা দিবস ২০২৫ উদযাপন এবং জাতীয় চা পুরস্কার ২০২৫ প্রদান**

**ঢাকা, ২১ মে ২০২৫, বুধবার:** বাংলাদেশ চা বোর্ড এর উদ্যোগে "চা দিবসের প্রতিশ্রুতি, চা শিল্পের অগ্রগতি" প্রতিপাদ্য নিয়ে আজ বুধবার (২১ মে, ২০২৫) বর্ণাঢ্য আয়োজনে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে "জাতীয় চা দিবস ২০২৫" উদযাপন এবং "জাতীয় চা পুরস্কার ২০২৫" প্রদান করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দীন প্রধান অতিথি হিসেবে জাতীয় চা দিবস উদযাপন এবং জাতীয় চা পুরস্কার ২০২৫ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মাহবুবুর রহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল শেখ মো: সরওয়ার হোসেন, এসইউপি, এনডিসি, পিএসসি অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। এছাড়া টি ট্রেডার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ এর সভাপতি জনাব শাহ মঈনুদ্দিন হাসান, বাংলাদেশ টি এসোসিয়েশনের সভাপতি জনাব কামরান টি রহমান, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব নৃপেন পাল এবং জাতীয় চা পুরস্কার বিজয়ী নারী চা শ্রমিক জেসমিন আক্তার বক্তব্য রাখেন।

সকাল ১০.৩০ টায় মাননীয় বাণিজ্য উপদেষ্টার আগমনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর চা শিল্প সংক্রান্ত ডকুমেন্টারি প্রদর্শন ও আলোচনা সভা শেষে দেশের চা শিল্পে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ৮টি ক্যাটাগরিতে "জাতীয় চা পুরস্কার ২০২৫" প্রদান করা হয়। এ বছর জাতীয় চা পুরস্কার ২০২৫ প্রাপ্তরা হলেন, একর প্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা বাগান ক্যাটাগরিতে ডিনস্টন চা বাগান, সর্বোচ্চ গুণগতমান সম্পন্ন চা উৎপাদনকারী বাগান ক্যাটাগরিতে মধুপুর চা বাগান, শ্রেষ্ঠ চা রপ্তানিকারক ক্যাটাগরিতে দি কনসোলিডেটেড টি এন্ড ল্যান্ডস কো: বাংলাদেশ লি: (ফিনলে), শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী ক্যাটাগরিতে পঞ্চগড়ের চা চাষী এ.বি.এম. আখতারুজ্জামান, শ্রমিক কল্যাণের ভিত্তিতে শ্রেষ্ঠ চা বাগান ক্যাটাগরিতে মির্জাপুর চা বাগান, বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/কোম্পানি ক্যাটাগরিতে কাজী এন্ড কাজী টি এস্টেট লি:, দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন চা মোড়কের ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি ক্যাটাগরিতে কাজী এন্ড কাজী টি এস্টেট লি:, শ্রেষ্ঠ চা-পাতা চয়নকারী (শ্রমিক সম্পর্কিত পুরস্কার) ক্যাটাগরিতে চা শ্রমিক জেসমিন আক্তার।

এছাড়াও জাতীয় চা দিবস উপলক্ষ্যে এ বছর সর্বোচ্চ চা উৎপাদনকারী বটলিফ চা কারখানা ক্যাটাগরিতে পঞ্চগড়ের মরগেন টি ইন্ডাস্ট্রিজ এবং সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বটলিফ চা কারখানা ক্যাটাগরিতে পঞ্চগড়ের সুপ্রিম টি লিমিটেডকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়েছে। মাননীয় বাণিজ্য উপদেষ্টা বিজয়ীদের হাতে পুরস্কারের ট্রফি ও সনদ তুলে দেন। এছাড়াও চা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ চা বোর্ড এবং দেশের শীর্ষস্থানীয় চা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণে চা প্রদর্শনী ও টি টেস্টিং সেশন আয়োজন করা হয়।


জাতীয়
চা দিবস
২০২৫
শুভ
উদ্বোধন


BENGAL


"চা দিবসের প্রতিশ্রুতি চা শিল্পের অগ্রগতি"


"চা দিবসের প্রতিশ্রুতি চা শিল্পের অগ্রগতি"
বাংলাদেশ চা বোর্ড
জাতীয় চা দিবস ২০২৫
বাণিজ্য মন্ত্রণালয়


জাতীয় চা দিবস ২০২৫
বাণিজ্য মন্ত্রণালয়
প্রধান অতিথি:
"চা দিবসের প্রতিশ্রুতি চা শিল্পের অগ্রগতি"
বাংলাদেশ চা বোর্ড
বাণিজ্য মন্ত্রণালয়


২০২৫
মন্ত্রণালয়
১৪৩২
SARWAR

